



সাংবাদিকের ওপর হামলার ঘটনায় জামায়াতের ৪ নেতা বহিষ্কার



সংগৃহীত ছবি

ধানমন্ডি-৩২ এলাকায় পেশাগত দায়িত্ব পালনকালে এক সাংবাদিকের ওপর হামলার ঘটনায় চার নেতাকে বহিষ্কার করেছে বাংলাদেশ জামায়াতে ইসলামী।

বুধবার (২৪ জুন) রাতে ঢাকা মহানগরী দক্ষিণ জামায়াতের এক বিজ্ঞপ্তিতে এ তথ্য জানানো হয়।

বহিষ্কৃতরা হলেন শফিকুল ইসলাম, খায়রুল আলম রাসেল, আবুল কালাম ও মামুন হোসেন। দলটির দাবি, ফ্যাসিবাদবিরোধী বিক্ষোভ মিছিল শেষে বক্তব্য দেওয়াকে কেন্দ্র করে সাংবাদিকদের সঙ্গে সংঘটিত ঘটনার তদন্ত শেষে এ সিদ্ধান্ত নেওয়া হয়েছে।

জামায়াত জানায়, ঘটনার পরপরই আহত সাংবাদিক মাহফুজুর রহমান শিশিরের খোঁজখবর নিতে দলের নেতারা তার বাসায় যান এবং কেন্দ্র ও মহানগরী দক্ষিণের পক্ষ থেকে দুঃখ প্রকাশ করা হয়।

ঘটনার তদন্তে গঠিত চার সদস্যের কমিটির প্রতিবেদনের ভিত্তিতেই অভিযুক্ত চার নেতার বিরুদ্ধে সাংগঠনিক ব্যবস্থা নেওয়া হয়েছে বলে বিজ্ঞপ্তিতে উল্লেখ করা হয়।